# 95565 - রোযাদার যদি গলার ভেতরে রক্তের স্বাদ অনুভব করে

## প্রশ্ন

রোযা রাখা অবস্থায় আমরা যখন গলার ভেতরে রক্তের স্বাদ অনুভব করি এবং কিছু থুথু ফেলে দিই সেক্ষেত্রে আমাদেরকে কী উক্ত রোযাটির কাযা পালন করতে হবে?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

রোযাদার যদি গলার ভেতরে রক্তের স্বাদ অনুভব করে এতে তার রোযার কোন ক্ষতি হবে না; এমনকি সেটা যদি গিলে ফেলে তদুপরিও। তবে, যদি মুখে চলে আসার পর গিলে ফেলে তাহলে রোযা ভেঙ্গে যাবে। একই বিধান প্রযোজ্য হবে শ্লেষ্মা, কফ ও গলার ভেতরে আরও যা কিছু আসতে পারে সবকিছুর ক্ষেত্রে।

শাইখ উছাইমীন (রহঃ) বলেন, আমি কফ ও শ্লেষ্মার মাসয়ালার ক্ষেত্রে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, কিছু কিছু রোযাদার নিজেকে অনেক কষ্ট দিয়ে ফেলেন। আপনি দেখবেন, উনার গলার একেবারে ভেতরেও যদি কিছু থাকে তিনি সেটা বের করার চেষ্টা করেন। এটি ভুল। কেননা কফ ও শ্লেষ্মা রোযা ভঙ্গ করে না। তবে যদি এগুলো মুখে চলে আসার পর গিলে ফেলে সেক্ষেত্রে কিছু কিছু আলেমের মতে, এগুলো রোযা ভঙ্গ করবে। আর অপর কিছু আলেমের মতে, সেক্ষেত্রেও এগুলো রোযা ভঙ্গ করবে না।

আর যদি গলার ভেতরের জিনিস নীচের দিকে নেমে পেটে চলে যায় সেক্ষেত্রে এগুলো রোযা ভঙ্গ করবে না; এমনকি রোযাদার যদি সেটা অনুভব করেন তা সত্ত্বেও। অতএব, গলার ভেতরের জিনিস বের করে আনার জন্য নিজেকে কষ্ট দেয়া উচিত নয়।"।[শাইখ উছাইমীনের ফতোয়াসমগ্র (১৯/৩৫৬) থেকে সমাপ্ত]